গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৫২

**নাচোলে নারী সমাবেশ অনুষ্ঠিত**

রাজশাহী, ১০ ভাদ্র (২৫ আগস্ট):

আজ সোমবার (২৫ আগস্ট) চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন কসবা ইউনিয়নের অন্তর্গত কসবা উজিরপুর (দর্গা) নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে চাঁপাইনবাবগঞ্জ জেলা তথ্য অফিসের আয়োজনে তারুণ্যনির্ভর, উন্নত, সমৃদ্ধ, বৈষম্যহীন ও জবাবদিহিতামূলক বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

তথ্য অফিসার রূপ কুমার বর্মন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাচোল উপজেলা নির্বাহী অফিসার মো. কামাল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. দুলাল উদ্দিন খান। এ সময় কসবা উজিরপুর (দর্গা) নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল জাব্বার এবং স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি মো: আব্দুল্লাহ আল মামুন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বাল্যবিবাহ, মাদকের অপব্যবহার, যৌতুক এবং নারী নির্যাতন ও কন্যা শিশুর প্রতি বৈষম্য প্রতিরোধ, বৃক্ষরোপনের প্রয়োজনীয়তা, পলিথিন বর্জন, শিশুদের মোবাইলের অপব্যবহার প্রতিরোধ, সামাজিক মূল্যবোধ গঠন, সুষম খাদ্য গ্রহণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।

অনুষ্ঠানে শিক্ষকবৃন্দ, নারী ও শিশুসহ সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

.........................................................
রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/২০২৫/১৫.৪০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd